ঝিনাইদহে জুলাই শহিদ দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া

জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের স্মরণে ঝিনাইদহে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় শহিদ পরিবারের সদস্য, জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারী প্রতিনিধি, রাজনৈতিক ও সেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। এসময় জেলা পুলিশ সুপার মনজুর মোর্শেদ, শহিদ রাকিবের বাবা লুৎফর রহমান, মা হাফেজা খাতুন, শহিদ সাব্বিরের বাবা আমোদ আলী, ছাত্র প্রতিনিধি সাইদুর রহমান, আবু হুরায়রাসহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাস, জেলা সিভির সার্জন ডা. মো. কামরুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্টী চন্দ্র রায়, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী আব্দুল আওয়াল, গণঅধিকার পরিষদের সভাপতি সাখাওয়াত হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, জাতীয়তাবাদী মহিলা দলের সাধারণ সম্পাদক তহুরা খাতুন প্রমুখ।

বক্তারা বলেন, বৈষম্যহীন সমাজ, রাষ্ট্র বিনির্মাণের স্বপ্ন নিয়ে জুলাই শহীদরা জীবন দিয়ে ফ্যাসিবাদের পতন ঘটিয়েছে। দেশের গণতন্ত্র, সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার আন্দোলন ছিল জুলাই গণ-অভ্যুত্থান। জুলাই যোদ্ধারা জাতির নতুন অনুপ্রেরণা। তাঁদের আদর্শ অনুসরণ করেই একটি মানবিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়া সম্ভব।

আলোচনা সভা শেষে জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে এফডিইবি সদস্যদের প্রীতি সমাবেশ ও জুলাই শহীদদের জন্য দোয়া অনুষ্ঠান

“সমৃদ্ধ দেশ গড়ার হাতিয়ার, সৎ ও দক্ষ ইঞ্জিনিয়ার” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফডিইবি) সদস্যদের নিয়ে প্রীতি সমাবেশ ও জুলাই আন্দোলনের শহীদদের মাগফেরাত কামনায় দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর আলহেরা একাডেমির হলরুমে এই আয়োজন করা হয়।

ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফইডিইবি) কেন্দ্রীয় কমিটির ছাত্র বিষয়ক সম্পাদক ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি প্রকৌশলী মোহাম্মদ মাসুদ পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, এফডিইবি’র মেহেরপুর জেলা শাখার প্রধান উপদেষ্টা মাওলানা তাজ উদ্দিন খান।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ইন্সটিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (আইডিইবি) অন্তর্বর্তীকালিন কেন্দ্রীয় কমিটির সদস্য (জনসংযোগ ও প্রচার) প্রকৌশলী মোহাম্মদ মোস্তফা কামাল।

এফডিইবি মেহেরপুর জেলা সেক্রেটারি প্রকৌশলী রাশিদুল ইসলাম বোরহানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জুলাই আন্দোলনের সৈনিক আব্দুস সালাম, মাওলানা মাহবুব উল আলম। অনুষ্ঠানে কোরআন তেলোওয়াত ও ইসলামিক সংগীত পরিবেশন করেন আবু হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজ উদ্দিন খান বলেন, প্রকৌশলীদের সৎ ও যোগ্য হতে হবে। একটি দেশের উন্নয়নে প্রকৌশলীরা সর্বাত্মক ভূমিকা পালন করে থাকে। যেহেতু তারা দেশ উন্নয়নে কাজ করে তাই তাদেরকে আখেরাতের জন্য নিজেদেরকে প্রস্তুত করতে হবে ।

বারাদীতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল

মেহেরপুর সদরের বারাদী ইউনিয়ন বিএনপির আয়োজনে সফল রাষ্ট্রনায়ক, বহু দলীয় গণতন্ত্রের প্রবর্তক, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে বারাদী বাজার হাটচালা প্রাঙ্গনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলমগীর কবির জয়নালের সঞ্চালনায় ও ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবীণ বিএনপি নেতা আবুল হাসেম মীর, সেলিম মোল্লা, রতন মাস্টার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল মেম্বার, ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুজ্জামান (আলিহিম মেম্বার), ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আজিমুল হক, যুবদল নেতা আসলাম আলী। এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা নাসির উদ্দীন মেম্বার, বারাদী ইউনিয়নের নয়টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক ও বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ

১৭ বছর জেল-জুলুম সহ্য করেছি বিএনপিকে বাঁচানোর জন্য –

আমজাদ হোসেন

গাংনীতে বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে উপজেলার হিন্দা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এ ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

হিন্দা গ্রাম বিএনপির সাবেক সভাপতি মোঃ শাজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানের পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান অতিথির বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির নেতাকর্মীরা গত ১৭ বছর ধরে আওয়ামী লীগের জুলুম ও নির্যাতনের শিকার হয়েছে। অথচ এখন বিএনপির কমিটি গঠনের সময় নিজেদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিচ্ছে, পিঠে চেয়ার ভাঙছে। আমরা তাহলে কোথায় যাব? যারা এতোদিন জুলুম নির্যাতন সহ্য করে বিএনপির জন্য লড়াই করেছে, তাদের ভবিষ্যৎ কী?”

তিনি আরও বলেন, “জেলাতে আমাকে, মাসুদ অরুন এবং বাবলুকে বাদ দিয়ে কমিটি গঠন করা যাবে না। আমরা মামলা-মোকদ্দমা লড়েছি, নিজের টাকা খরচ করেছি, বিএনপিকে টিকিয়ে রাখার জন্য জীবন দিয়েছি। অথচ এখন দেখছি, বিভিন্ন জায়গায় কমিটি গঠনে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। যেখানেই কমিটি গঠিত হচ্ছে, সেখানেই মারামারি হচ্ছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী হস্তক্ষেপ করছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নাছির উদ্দীন, জেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিজানুর রহমান, উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, সাহারবাটি ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান আসমাতারা খাতুন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক খাইরুল আলম কালাম, পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ইয়ামিন হোসেন

বাবলু, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসানুল হক সুমন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সুজন মাহমুদ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ

সম্পাদক রবিউল ইসলাম, গাংনী বিএনপির ২ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, যুবদল নেতা সাহিবুল ইসলামসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।

মেহেরপুরে আমদহ ইউনিয়ন বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি খালেকুজ্জামান মজনুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য মারুফ আহমেদ বিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

এসময় নেতারা বলেন, ১৬ টি বছর শেখ হাসিনার সংগ্রাম লড়াই সংগ্রাম করেছে দিনের পর দিন জেল খেটেছেন দিনের পর দিন মাসের পর মাস কোর্টের হাজিরা দিয়েছি। রোদে পুড়ে পালিয়ে বেড়াইছেন গভীর শীতের মধ্যে বাড়ি ঘর ছেড়ে পালিয়ে বেড়াচ্ছেন এত ত্যাগের মধ্যে শেখ হাসিনাকে বিদায় করেছি।

এছাড়াও এসময় পৌর বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, পৌরসভার ১ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি আহসান হাবীব, পৌর বিএনপি’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনা, আমদহ ইউনিয়ন বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান, সাইদুর রহমান, বিএনপির নেতা আব্দুল সাত্তার মুক্ত, ফিরোজ, রিপন শান্তসহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সন্ধ্যায় মেহেরপুর সরকারী কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ।

কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এসময় বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা সাবেক শিক্ষক নুরুল আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম,

সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান প্রমূখ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে ফিলিস্তিনের জনগণসহ সমস্ত মুসলিম উম্মাহ, দেশবাসী ও বসুন্ধরা গ্রুপের জন্য দোয়া ও শান্তি কামনা করা হয় ।

মুজিবনগরে খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠান

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামবাসির (২ নং ওয়ার্ড বিএনপি) আয়োজনে, ভবেরপাড়া ঈদগাঁহ ময়দানে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও ইফতার অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক মোল্লা মহাম্মদ বায়েজিদের সঞ্চালনায় প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি সিরাজুল ইসলাম মোল্লা।

উপস্থিত ছিলেন আব্দুর রহিম মল্লিক, সাবেক মেম্বার ইউনুস আলী বগা মোল্লা, জাহান আলী, বিল্লাল বিশ্বাস, মুনসি ওমর ফারুক প্রিন্স, আব্দুল শাহ, আকবর আলী, ইউনুস শাহসহ ভবেরপাড়া ২ নং ওয়ার্ড বিএনপি,র নেতা কর্মী বৃন্দ।

আলোচনা শেষে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থতা ও রোগ মুক্তির কামনায় দোয় অনুষ্ঠিত হয়।

ইবিয়ান মেহেরপুরের ইফতার ও দোয়া মাহফিল

পবিত্র মাহে রমজান উপলক্ষে ইবিয়ান মেহেরপুরের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৩ মার্চ) বিকেল পাঁচটার দিকে মেহেরপুরের শর্মা ফুড

প্লাজায় ইফতার ও দোয়া মাহফিল আয়োজন করা হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে ইবিয়ান মেহেরপুরের সভাপতি ও মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ শাহিউদ্দিন মিল্টনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ও দায়রা জজ মনজুরুল ইমাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপির যুগ্ন আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, বামুন্দি নিশিপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সাজ্জাদুল আনাম স্বপনসহ ইসলামী বিশ্ববিদ্যালয়ের মেহেরপুরে অবস্থানরত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে ইবিয়ান মেহেরপুরের সাধারণ সম্পাদক সোলায়মান হোসেন পবিত্র কোরআন তেলাওয়াত করেন।
উপস্থিত সবাই দেশের কল্যাণ ও শান্তি কামনা করে দোয়া ও মোনাজাতে অংশ নেন।

মেহেরপুরে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২২ মার্চ) বিকেল তিনটার দিকে শহরের মল্লিকপাড়া আঞ্চলিক অফিসে এ প্রস্তাবিত হজ্ব যাত্রীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

তাতাসা হজ্ব ও মরাহ কাফেলার ব্যবস্থাপনা পরিচালক মোঃ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত

ছিলেন আমঝুপি ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মোঃ মাহবুবু উল আলম।

ভেড়ামারা ল্যাব এইড সেন্টারে ব্যবস্থাপনা পরিচালক সাংবাদিক শাহজামালের সঞ্চালনায় বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা ও চুয়াডাঙ্গা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ খালিদ সাইফুল্লাহ ও তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা এবং নওদাপাড়া জামে মসজিদ খতিব হাফেজ মাওলানা আবুল হাশেম।

মেহেরপুরে ওয়ার্ড বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল

বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত, বিএনপি’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনায় মেহেরপুর পৌর সভার ১,৮ ও ৯ নম্বর ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এসময় তিনি বলেন, বিএনপি সবসময় জনগণের অধিকার আদায়ে কাজ করে এসেছে এবং ভবিষ্যতেও করবে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই দেশকে উন্নয়নের পথে এগিয়ে নেওয়ার যে স্বপ্ন দেখেছিলেন, আমরা সেই স্বপ্ন বাস্তবায়নে প্রতিজ্ঞাবদ্ধ। আমরা মহান আল্লাহর কাছে বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য দোয়া করবো।

তিনি আরো বলেন, হাইব্রিড নেতাদের মাথা গজিয়েছে। যারা দীর্ঘ ১৭ বছর রাজপথে লড়াই সংগ্রামে অংশ নেয়নি তারা আজকে সৈনিক হয়েছে। আপনারা সতর্ক হয়ে যান, আজকে যদি জাতীয়তাবাদী শক্তি ঐক্যবদ্ধ না

থাকতে পারে তাহলে সারা বাংলাদেশের মানুষের আকাঙ্ক্ষা পূরণ হবে না। এই বাংলার মানুষের আকাঙ্ক্ষা পূরণ করতে হলে ঐক্যবদ্ধভাবে বিএনপি’র ত্যাগী নেতাকর্মীদের নিয়ে, যারা দীর্ঘ ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে সেই পরীক্ষিত সৈনিক দিয়ে আগামী দিনের বিএনপিকে সাজাতে হবে।

এছাড়াও জেলা বিএনপি’র সদস্য ও সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আনারুল ইসলাম কালু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনাসহ বিএনপি ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে বক্তারা দেশের সার্বিক কল্যাণ ও গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য আল্লাহর রহমত কামনা করেন।